

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২০৫

আগরতলা, ০৪ অক্টোবর, ২০২৩

সিপাহীজলা জেলার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শনে স্বাস্থ্য অধিকর্তা

স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সুপ্রিয় মল্লিক এবং পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ডা. অঞ্জন দাস সম্প্রতি সিপাহীজলা জেলার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শনে করেন। সেখানে হাসপাতালের চিকিৎসা পরিষেবা প্রদান, ওষুধপত্রের যোগান ঠিক রাখা, ডেঙ্গু রোগ নির্গয়ে কীট মজুত রাখা, ইমার্জেন্সি পরিষেবা সঠিকভাবে প্রদান করা, হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সহ বিভিন্ন বিষয়ে খোঁজ খবর করেন তারা। তকছাপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অন্যান্য বিষয়ের পাশাপাশি বিশেষ করে হাসপাতালের চারিদিক পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, স্বাস্থ্য পরিষেবা সঠিকভাবে প্রদান করা ইত্যাদি বিষয়ে নজর দিতে তকছাপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসককে নির্দেশ দেন। এরপর সুকুমার বর্মণ প্রাথমিক হাসপাতালে বিশেষত ইমার্জেন্সি বিভাগকে পরিষ্কার রাখা, হাসপাতাল চত্বরে যানবাহন রাখার ব্যবস্থা করা প্রভৃতি বিষয়ে তারা পরামর্শ প্রদান করেন। এরপর তারা মেলাঘর মহকুমা হাসপাতালের নির্মাণ কাজ সম্পর্কে খোঁজ খবর নেন। হাসপাতালের বর্তমান প্রবেশ পথটি সঠিকভাবে সংস্কারের নির্দেশ দেন স্বাস্থ্য অধিকর্তা ডা. সুপ্রিয় মল্লিক। এরপর তৈবান্দাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যান এবং সেখানে স্বাস্থ্য পরিষেবা বিষয়ে খোঁজ খবর নেন। ল্যাব টেকনেশিয়ান সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীদের কাজ খতিয়ে দেখেন ও বিভিন্ন পরামর্শ দেন। মাইক্রোসা পাড়া প্রাথমিক হাসপাতালের বাউন্ডারি ওয়াল নির্মাণ সম্পর্কে তারা খোঁজ খবর নেন। তারপর নিদয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, কাঁঠালিয়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্র, ধনপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন। সেখানে স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামো খতিয়ে দেখেন। স্বাস্থ্য অধিকর্তা ও পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা সোনামুড়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে যান। এছাড়াও বক্সনগর সামাজিক স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন তারা। বিশালগড় মহকুমা হাসপাতাল পরিদর্শনের সময় বিধায়ক সুশান্ত দেব তাদের সঙ্গে ছিলেন। সেখানে বিশালগড় মহকুমা হাসপাতালের বিভিন্ন উন্নয়নমূলক কাজের উপর আলোচনা করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
